# খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## ১ম বর্ষ বি. এস-সি.ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ: ২০২৫-২০২৬

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ বি. এস-সি. ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক প্রোগ্রামে ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং এবং মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদসমূহে ১৬টি বিভাগে সর্বমোট ১০৬৫ টিআসনে নিম্নবর্ণিত নিয়মানুযায়ী শিক্ষার্থী ভর্তি করা হবে।

**১। বাংলাদেশী শিক্ষার্থীদের জন্য ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা:**

ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

খ) প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকশিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে ২০২২ ইং অথবা ২০২৩ ইং সালের মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৪.০০ অথবা সমমানের পরীক্ষায় কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে উত্তীর্ণ হতে হবে।

গ) প্রার্থীকে ২০২৫ ইং সালে উচ্চ মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় পাশ হতে হবে অথবা ২০২৪ ইং সালের নভেম্বর বা তারপরে 'A' লেভেল সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে।

ঘ) প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড/মাদ্রাসা শিক্ষাবোর্ড থেকে উচ্চমাধ্যমিক/আলীম/সমমানের পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজী এ চার বিষয়ে কমপক্ষে মোট জিপি ১৮.০০ (আঠারো) অথবা বিদেশী শিক্ষাবোর্ড থেকে সমমানের পরীক্ষায় উক্ত বিষয়সমূহে কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে পাশ হতে হবে। এক্ষেত্রে গণিত, পদার্থবিদ্যা ও রসায়ন এ এককভাবে নূন্যতম জিপি ৪.০০ থাকতে হবে। এছাড়া বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগে ভর্তি হতে হলে আগ্রহী প্রার্থীকে উচ্চমাধ্যমিক বা সমমানের পরীক্ষায় জীববিজ্ঞানে কমপক্ষে জিপি ৪.০০ থাকতে হবে।

ঙ) প্রার্থী GCE 'O' লেভেল এবং 'A' লেভেল পাশ করে থাকলে তার ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য GCE 'O' লেভেল পরীক্ষায় কমপক্ষে পাঁচটি বিষয়ে ন্যূনতম 'B' গ্রেড পেয়ে পাশ হতে হবে। GCE 'A' লেভেল পরীক্ষায় পদার্থবিদ্যা, রসায়ন ও গণিতে পৃথক পৃথকভাবে কমপক্ষে 'B' গ্রেড পেয়ে পাশ হতে হবে। এছাড়া বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগে ভর্তি হতে হলে সংশ্লিষ্ট প্রার্থীকে GCE 'A' লেভেল পরীক্ষায় জীববিজ্ঞানে কমপক্ষে 'B' গ্রেড পেয়ে পাশ হতে হবে।

চ) কমপক্ষে ১২ শিক্ষাবর্ষ অধ্যয়নকাল থাকা সাপেক্ষে বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান থেকে ২০২৪ ইং সালের উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও ইংরেজী বিষয়ের প্রত্যেকটিতে আলাদাভাবে কমপক্ষে ৭৫% নম্বর বা সমমানের গ্রেড পেতে হবে। সংশ্লিষ্ট প্রার্থীকে মাধ্যমিক/সমমানের পরীক্ষায় গড়ে কমপক্ষে ৭০% নম্বর বা সমমানের গ্রেড পেতে হবে।

**২। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী নির্বাচন:**

নির্দিষ্ট সময়ের মধ্যে প্রাপ্ত সকল বৈধ আবেদনপত্রের মধ্য থেকে উচ্চমাধ্যমিক পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজী-এ চার বিষয়ে প্রাপ্ত মোট গ্রেড পয়েন্টের ভিত্তিতে ১২,০০০ জনের একটি মেধাতালিকা তৈরী করা হবে। তবে ১২,০০০ তম প্রার্থী একাধিক হলে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যথাক্রমে গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজীতে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ১২,০০০ তম প্রার্থীর মধ্য থেকে ন্যূনতম সংখ্যক প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

**৩। ভর্তি সংক্রান্ত সময়সূচী:**

| | | |
|---|---|---|
| ক) | আবেদন পত্র অন-লাইনে পূরণ ও Submission শুরু | ০৩ ডিসেম্বর, ২০২৫ ইং<br>বুধবার, সকাল ১০-০০ মি. |
| খ) | আবেদনপত্র অনলাইনে পূরণ ও Submission শেষ | ১৩ ডিসেম্বর, ২০২৫ ইং<br>শনিবার, রাত ১১-৫৯ মি. |
| গ) | টাকা জমা দেয়ার শেষ সময় (১ম ধাপ, আবেদনপত্র যাচাই ও বাছাই এর জন্য) | ১৪ ডিসেম্বর, ২০২৫ ইং<br>রবিবার, বিকাল ৫-০০ মি. |
| ঘ) | ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থীদের নামের তালিকা প্রকাশ | ২০ ডিসেম্বর, ২০২৫ ইং<br>শনিবার |
| ঙ) | টাকা জমা দেয়ার শেষ সময় (২য় ধাপ, ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য) | ৩০ ডিসেম্বর, ২০২৫ ইং |
| চ) | প্রবেশপত্র ডাউনলোড শুরু | ০৫ জানুয়ারি, ২০২৬ |
| ছ) | ভর্তি পরীক্ষার তারিখ ও সময় | ১৫ জানুয়ারী, ২০২৬ ইং, বৃহস্পতিবার<br>সকাল ৯-৩০মি. হতে দুপুর ১২-৩০মি. পর্যন্ত।<br>মুক্তহস্ত অংকন দুপুর ১২-৪৫ থেকে দুপুর ১-৪৫ ঘটিকা পর্যন্ত |
| জ) | ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের মেধাক্রমের তালিকা প্রকাশ, বিভাগ পছন্দ প্রদানের নির্দেশনা, ভর্তির নিয়মাবলী ও ভর্তির তারিখ ঘোষণা | ০১ ফেব্রুয়ারি, ২০২৬ ইং, রবিবার |

**৪। অনুষদ ভিত্তিক বিভিন্ন বিভাগ/বিষয়ের নাম, কোড ও আসন বিভাজন:**

| | বিভাগ/বিষয় | কোড | আসন |
|---|---|---|---|
| | **সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদ** | | |
| ১ | সিভিল ইঞ্জিনিয়ারিং | CE | ১২০ |
| ২ | বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট | BECM | ৬০ |
| ৩ | আরবান এন্ড রিজিওনাল প্লানিং | URP | ৬০ |
| ৪ | আর্কিটেকচার | Arch | ৪০ |
| | **ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদ** | | |
| ১ | ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং | EEE | ১২০ |
| ২ | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | CSE | ১২০ |
| ৩ | ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং | ECE | ৬০ |
| ৪ | বায়ো মেডিকেল ইঞ্জিনিয়ারিং | BME | ৩০ |
| ৫ | ম্যাটেরিয়ালস সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | MSE | ৬০ |
| | **মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদ** | | |
| ১ | মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং | ME | ১২০ |
| ২ | ইন্ডাষ্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং | IPE | ৬০ |
| ৩ | লেদার ইঞ্জিনিয়ারিং | LE | ৬০ |
| ৪ | টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং | TE | ৬০ |
| ৫ | এনার্জি সায়েন্স এন্ডইঞ্জিনিয়ারিং | ESE | ৩০ |
| ৬ | কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং | ChE | ৩০ |
| ৭ | মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং | MTE | ৩০ |

আর্কিটেকচার এ ৫ বছর মেয়াদী এবং অন্যান্য সকল বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রী প্রদান করা হয়। ১০৬৫টি আসনের মধ্যে সংরক্ষিত আসন রয়েছে ৫টি (ক্ষুদ্র-নৃ-গোষ্ঠীদের এবং চট্টগ্রাম বিভাগের পার্বত্য জেলার অধিবাসীদের জন্য)।

**৫। ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা মোতাবেক অনলাইনে আবেদন ফরম পূরণ ও সংশ্লিষ্ট ফি :**

| গ্রুপ | বিভাগ | ভর্তি পরীক্ষা বাবদ প্রদেয় ফি (সার্ভিস চার্জ ব্যতীত) |
|---|---|---|
| 'ক' | ইঞ্জিনিয়ারিং ও ইউআরপি | ৫০০ টাকা (১ম ধাপ)<br>৮০০ টাকা (২য় ধাপ) |
| 'খ' | ইঞ্জিনিয়ারিং, ইউআরপি ও আর্কিটেকচার | ৫০০ টাকা (১ম ধাপ)<br>১,০০০ টাকা (২য় ধাপ) |

**৬। ভর্তি পরীক্ষার বিষয়সমূহ ও নির্ধারিত নম্বর:**

২০২৫ ইং সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা ও রসায়নে যে পাঠ্যসূচী ছিল প্রধানতঃ তার উপর এবং Functional English-এর উপর ভিত্তি করে ৩ ঘন্টা ব্যাপী সর্বমোট ৫০০ নম্বরের **লিখিত পরীক্ষা** অনুষ্ঠিত হবে। **উল্লেখ্য, ১ম বর্ষ বি. এস-সি.ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক প্রোগ্রামের ভর্তি পরীক্ষা একই প্রশ্ন পত্রে অনুষ্ঠিত হবে।**

**বিআর্ক প্রোগ্রামে ভর্তিচ্ছু প্রার্থীদেরকে লিখিত পরীক্ষা ছাড়াও একই দিনে ১ ঘন্টার ১০০ নম্বরের মুক্তহস্ত অংকন পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।**

বিষয় ভিত্তিক নম্বরের বিন্যাস নিম্নরূপ:

| বিষয় | মোট নম্বর | সর্বমোট নম্বর |
|---|---|---|
| গণিত | ১৫০ | ৫০০ |
| পদার্থবিদ্যা | ১৫০ | |
| রসায়ন | ১৫০ | |
| ইংরেজী | ৫০ | |
| মুক্তহস্ত অংকন (বিআর্ক) | ১০০ | ১০০ |

**ভর্তি সংক্রান্ত সকল তথ্যাবলী admission.kuet.ac.bd ওয়েবসাইট ও বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে। Online Form পূরণ করার ক্ষেত্রে কোন সমস্যায় 01799273655/ 01714087284/ 01714087339 নম্বরে অফিস চলাকালীন সময়ে (সকাল ৯-০০ থেকে বিকাল ৫-০০টা পর্যন্ত) যোগাযোগ করা যাবে। ভর্তি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে admission@kuet.ac.bd-তে e-mail করা যেতে পারে।**

27.11.25

(প্রফেসর ড. মুহাম্মাদ হারুনুর রশীদ)
সভাপতি, ভর্তিকমিটি, ১ম বর্ষ বি. এস-সি. ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক প্রোগ্রাম
ও
ডীন, সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদ
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

ওয়েবসাইট: admission.kuet.ac.bd